অদ্য ১৭/০৪/২০২৫ খ্রি. তারিখ ১১.০০ ঘটিকায় অনুষ্ঠিত জামালপুর সদর উপজেলার
বাজারমূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ কমিটির এর
মাসিক সভার কার্যবিবরণী:

সভাপতি: জনাব তানভীর হায়দার
সহকারী কমিশনার (ভূমি)
ও
সভাপতি, বাজারমূল্য পর্যবেক্ষন, মনিটরিং ও নিয়ন্ত্রণ কমিটি, জামালপুর সদর, জামালপুর

সভার স্থান: সহকারী কমিশনার ভূমি এর সভা কক্ষ।

সভার তারিখ ও সময়: ১৭/০৪/২০২৫খ্রি. ১১.০০ ঘটিকা।

**সভার উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য**

অদ্য ১৭/০৪/২০২৫ খ্রি. তারিখ বেলা ১১.০০ ঘটিকায় বাজারমূল্য পর্যবেক্ষন, মনিটরিং ও নিয়ন্ত্রণ কমিটির দ্বি-মাসিক সভা সহকারী কমিশনার ভূমি তানভীর হায়দার এর সভাপতিত্বে তাহার কার্যালয়ে অনুষ্ঠিত হয়। সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন করা হয়। পরে কমিটির সদস্য সচিব ও উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা শুরু করার আহবান জানান। কমিটির সদস্য সচিব আলোচ্য সূচি অনুযায়ী আলোচনা শুরু করেন এবং আলোচনার বিষয় ও সিদ্ধান্ত সমূহ নিম্নরুপঃ

| ক্র. নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১. | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও পর্যালোচনা করা হয়। | কার্যবিবরণী কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়করণ করা হয়। |
| ২. | কৃত্রিম সংকট দেখিয়ে দ্রব্যের মূল্য বৃদ্ধি | সম্মানিত সদস্য জনাব মোঃ মিজানুর রহমান, প্যানেল চেয়ারম্যান, ১নং কেন্দুয়া ইউনিয়ন পরিষদ, জামালপুর সদর, জামালপুর সভাকে জানান যে, কেন্দুয়া বাজারে অধিকাংশ দোকানদার দ্যব্য বিক্রির সময় ক্রেতাদের নিকট থেকে দ্রব্যের কৃত্রিম সংকট দেখিয়ে চড়া মূল্য দ্রব্য বিক্রয় করেন। তাই এ বিষয়ে সভায় সকলের দৃষ্টি আকর্ষণ করেন এবং এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করার জন্য সভাকে অবহিত করেন। | উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সভার সভাপতিকে উক্ত বিষয়টি উপজেলা পরিষদের মাসিক সভায় উত্থাপনের বিষয়ে একমত পোষনের সিদ্ধান্ত গৃহিত হয়। |
| ৩. | বাজার দ্রব্যের মূল্য তালিকা প্রদর্শণ | সম্মানিত সদস্য জনাব মোঃ আব্দুল আওয়াল, প্যানেল চেয়ারম্যান, ৮নং বাশচড়া ইউনিয়ন পরিষদ, জামালপুর সদর, জামালপুর সভাকে জানান যে, প্রায় সকল বাজারেই বেশীরভাগ মুদি দোকানে নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্য সম্বলিত মূল্য তালিকা প্রদর্শণ করা হয় না। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাকে অবহিত করেন। | বিশদ আলোচনান্তে এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসারের সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৭/০৪/২৫

(তানভীর হায়দার)
সহকারী কমিশনার ভূমি
ও
সভাপতি
বাজারমূল্য পর্যবেক্ষন, মনিটরিং ও
নিয়ন্ত্রণ কমিটি, জামালপুর সদর, জামালপুর

স্মারক নং:১৩.০১.৩৯৩৬.০০১.১৬.০০১.২৪.২০০ তারিখঃ ১৭/০৪/২০২৫ খ্রি.

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। উপজেলা নির্বাহী অফিসার, জামালপুর সদর, জামালপুর

২। সহকারী কমিশনার (ভূমি), জামালপুর সদর, জামালপুর।

৩। জনাব .....,ও সদস্য, জামালপুর মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও মূল্যায়ন কমিটি, জামালপুর সদর, জামালপুর

৪। অফিস কপি।

১৭/০৪/২৫

(আয়মান বিনতে ফেরদৌস)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
ও
সদস্য সচিব
বাজারমূল্য পর্যবেক্ষন, মনিটরিং ও
নিয়ন্ত্রণ কমিটি, জামালপুর সদর, জামালপুর

# পরিশিষ্ট "ক''

## ১৭/০৪/২০২৫ খ্রি. তারিখের উপস্থিত সদস্যবৃন্দের নাম ও পদবী

| ক্র.নং | নাম ও পদবী | কর্মস্থল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১। | জনাব মোঃ মিজানুর রহমান, প্যানেল চেয়ারম্যান | ১নং কেন্দুয়া ইউনিয়ন পরিষদ, জামালপুর সদর, জামালপুর | স্বাক্ষরিত |
| ২। | জনাব মোঃ মিজানুর রহমান গোপন, প্যানেল চেয়ারম্যান | ৫নং ইটাইল ইউনিয়ন পরিষদ, জামালপুর সদর, জামালপুর | স্বাক্ষরিত |
| ৩। | জনাব মোঃ আব্দুল আওয়াল, প্যানেল চেয়ারম্যান | ৮নং বাশচড়া ইউনিয়ন পরিষদ, জামালপুর সদর, জামালপুর | স্বাক্ষরিত |
| ৪। | জনাব আয়মান বিনতে ফেরদৌস, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | জামালপুর সদর, জামালপুর | স্বাক্ষরিত |